

## ফতওয়া নং ৩৬১

### প্রশ্ন:

ঈদের দিন মসজিদকে ঈদগাহ মনে করে মসজিদের ভেতরে বিভিন্ন ফুল দিয়ে সাজানো যাবে কি? মসজিদের ভেতরে বা বাইরে সাজানোর বিষয়ে ইসলামের বক্তব্য কী?

### উত্তর:

ঈদ উপলক্ষে ঈদগাহ বা মসজিদকে রঙিন কাগজ, ফুল ইত্যাদি দ্বারা সাজানো যদি নামাযীদের মনোযোগে বিঘ্ন না ঘটায়, ব্যক্তিগত খরচে হয় ও অতিরঞ্জন মুক্ত হয়, তাহলে না জাইয নয়। তবে এতে কোন সাওয়াবও নেই। অতএব টাকাগুলি এভাবে অযথা খরচ না করে গরীব অসহায় মানুষদের দিয়ে দেওয়া ভালো। এতে আল্লাহর সন্তুষ্টি লাভ হবে।

আল্লাহ পাক ইরশাদ করেন, যারা অপ্রয়োজনীয় কাজে অর্থ উড়ায়, তারা নিঃসন্দেহে শয়তানের ভাই। (সূরা ইসরা, আয়াত ২৭)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)